

অথবা

৫. হিন্দু-বাঙালি ভক্তের কাছে স্বয়ং শ্রীরামকৃষ্ণের লোকপ্রিয়তা আর হিন্দু-বাঙালি পাঠকের কাছে 'শ্রীরামকৃষ্ণ কথামৃত'র পরিগ্রহণ কি একে অন্যের পরিপূরক, নাকি একটি 'টেক্সট' হিসেবে সেই পাঠক কথামৃতর কোনো স্বতন্ত্র মল্যায়ন করে উঠতে পেরেছে বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

অথবা

৬. 'শ্রীরামকৃষ্ণ কথামৃত' এক প্রবাদপ্রতিম সাধকের মুখনিঃসৃত দিকনির্দেশিকা বলে জনপ্রিয় নয়, বরং এ বই এই কারণে জনপ্রিয় যে তা শেষ পর্যন্ত এক শান্তিপ্ৰিয় নির্বিরোধী প্রথানুসারী সমাজ সংগঠনের আশ্বাস রচনা করেছে। তোমার কথামৃতপাঠ কি এই মত মেনে নেবে? যুক্তিসহ উত্তর দাও। ১০

৭. যদি বলা হয় 'চৌরঙ্গী' উপন্যাসের জনপ্রিয়তা একেবারেই একটি সচেতন নির্মাণ আর 'রাত ভরে বৃষ্টি' নেহাতই ভুল কারণে জনপ্রিয় হয়ে ওঠা একটি বই—তাহলে তুমি কি সহমত হবে? নাকি তুমি অন্য কোনো যুক্তিতে এই উপন্যাসদুটি পড়তে চাও অলোচনা কর। ১০

অথবা

৮. শঙ্করের কাছে 'চৌরঙ্গী'র অসামান্য জনপ্রিয়তার রহস্য জানতে চাওয়া হলে তিনি বলেছিলেন, 'কী জানি কী আছে। কিছু একটা বোধহয় আছে যেটা লোককে টানে।'— এই কিছু-একটাকে তুমি একজন পাঠক হিসেবে কীভাবে ব্যাখ্যা করবে? ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা জনপ্রিয় আখ্যান

কোর্স পি. জি. - ২.৫৬বি

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. ধ্রুপদি রচনার সঙ্গে জনপ্রিয় রচনার তুলনা করতে গিয়ে ফ্রাঙ্কফোর্ট স্কুলের তাত্ত্বিকেরা মার্কসের কমোডিটি ফেটিশের সূত্র ব্যবহার করেছেন। এদিক থেকে দেখলে 'জনপ্রিয়তা' আসলে ঘুরপথে নির্মিত হয় বাজারের হাতে। জনপ্রিয়তা বিষয়ক এই প্রস্তাবটি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

অথবা

২. জনপ্রিয় আখ্যানসমূহের সামাজিক নানা প্রথা সম্পর্কে প্রশ্ন তুলেও শেষপর্যন্ত প্রথাবিরোধী কোনো বলিষ্ঠ অবস্থান নেয় না। পরিবর্তে এরা এক ধরনের কাথারসিস ঘটায় সমাজের। তোমার পড়া যে কোনো জনপ্রিয় আখ্যানের প্রসঙ্গ উল্লেখ করে কথটির পক্ষে বা বিপক্ষে মতামত দাও। ১০

৩. শরৎচন্দ্রের 'দেবদাস' একশ বছর পার করেও জনপ্রিয় কেন বলে তুমি মনে কর বুঝিয়ে দাও। ১০

৪. 'ন হন্যতে' উপন্যাসে ধরা হয়েছে এক বিরাট সময়খণ্ডকে, তার সঙ্গে বেশ কিছু ব্যক্তিত্বের উজ্জ্বল উপস্থিতি এই উপন্যাসকে বিশিষ্ট করে তুলেছে। উপন্যাসটি আলোচনাসূত্রে এই মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

(Turn over)